



চিঠিপত্র letters.ittfaq@gmail.com

উচ্চ মাধ্যমিক ও স্নাতক শ্রেণির সিলেবাসে 'শারীরিক শিক্ষা ও ক্রীড়া' নেই কেন?

সরকারি-বেসরকারি কলেজে শরীরচর্চা শিক্ষক থাকলেও সুনির্দিষ্ট কোনো নির্দেশিকা ও নীতিমালা না থাকায় খেলাধুলা ও ক্রীড়া কার্যক্রম সবার কাছে গুরুত্বহীন হয়ে পড়েছে। ২০১৩ সাল থেকে মাধ্যমিক পর্যায়ে শারীরিক শিক্ষা বিষয়টি বাধ্যতামূলক করে সিলেবাস প্রণয়ন করায় ছাত্র ও অভিভাবকদের মধ্যে ব্যাপক উৎসাহ ও উদ্দীপনা সৃষ্টি হয়েছে। ২০১৫ সালে এসএসসি পরীক্ষায় লাখ লাখ শিক্ষার্থী শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা বিষয়ে পরীক্ষা দেয়। এরা এসএসসি পরীক্ষায় পাস করার পর কলেজে ভর্তি হওয়ার পর দেখবে শারীরিক শিক্ষা নামের কোনো পাঠ্যবই নেই। অথচ শিক্ষানীতি ২০১০-এর সিদ্ধান্ত অনুযায়ী উচ্চ মাধ্যমিক পর্যায়ে ২০১৩ সাল থেকেই শারীরিক শিক্ষা বিষয়টি চালু করার সিদ্ধান্ত থাকলেও এখনও সে ব্যাপারে যথাযথ পদক্ষেপ নেওয়া হয়নি। অথচ তত্ত্বীয় ও ব্যবহারিক অংশের সমন্বয়ে শারীরিক শিক্ষা বিষয়টি চালু হলে অত্যন্ত গ্রহণযোগ্য বিষয় করা যায়। কলেজ পর্যায়ে শারীরিক শিক্ষা বিষয়টি পাঠ্যক্রমে অন্তর্ভুক্ত করলে নতুন করে শিক্ষকের পদসৃষ্টি ও পদায়নের প্রয়োজন হবে না। শরীরচর্চা শিক্ষকপণই বিষয়টি তত্ত্বীয় ও ব্যবহারিক অংশে পাঠদান ও পরিচালনা করতে পারবেন। ফল স্বরূপ নগর পাওয়ার ডাগিদে এদেশের যুব সমাজের বিরূত অংশ খেলার মাঠে ফিরে আসবে। একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় অর্থনৈতিক সন্থক জাতি গঠনকল্পে শুধু জ্ঞান তথা ভিত্তিক সমাজ গঠন করলেই চলবে না। সুস্থ সবল যুব সমাজ গঠন পূর্বশর্ত। এক্ষেত্রে কলেজ পর্যায়ে শারীরিক শিক্ষা ক্রীড়া ও স্বাস্থ্য বিষয়টি শিক্ষার্থীদের শৃঙ্খলা ও মেধা মননশীলতা বিকাশে ব্যাপক ভূমিকা রাখতে পারে। আর কলেজ শরীরচর্চা শিক্ষকদের পেশাগত সমস্যা সমাধানে যে সব ব্যবস্থা নেওয়া প্রয়োজন ১) উচ্চ মাধ্যমিক ও স্নাতক শ্রেণির সিলেবাসে 'শারীরিক শিক্ষা ও ক্রীড়া' বিষয় অন্তর্ভুক্তকরণ। ২) কলেজ শরীরচর্চা শিক্ষকদের নিয়োগবিধি পরিবর্তন ও পদবি উন্নীতকরণ। ৩) কর্মরত শিক্ষকদের লেন্থ অব সার্ভিসে সহকারী অধ্যাপক, সহযোগী অধ্যাপক ও অধ্যাপকের পদ নিশ্চিতকরণ। ৪) কর্মরত শিক্ষকদের পদে উন্নীত করে বিনিয়াদি প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষার মান নিশ্চিতকরণ। ৫) জাতীয় আন্তঃস্কুল মাদ্রাসা ক্রীড়া সমিতির অনুরূপ জাতীয় আন্তঃ কলেজ ক্রীড়া সমিতি গঠন করে কলেজভিত্তিক খেলাধুলার ব্যবস্থা করা। মো. জাহাঙ্গীর হোসেন জুয়েল, শরীরচর্চা শিক্ষক, ডেড়ানারা কলেজ, ডেড়ানারা, কুষ্টিয়া